

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রকৌশলীর কার্যালয়  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী।

কোম্পানীগঞ্জ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

১। সভাপতি : বেগম আরজুমান পারভীন  
মহিলা ভাইস চেয়ারম্যান  
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী  
ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।

সভার তারিখ ১০/০২/২০২২ইং

সভার সময় : বিকাল ৩.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত বাসগৃহে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ২৮টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং নলকূপের স্থাপন কাজ চলমান আছে।

৪। ২০২১-২০২২ অর্থ বছরে “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” (SWSC) প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাইয়ের জন্য ১৮ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবদের কে গভীর নলকূপ স্থাপনের জন্য উপকারভোগীর তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী অঞ্চলে পানি সরবরাহ (VWSP) প্রকল্পের আওতায় ৪৫টি সাবমারসিবল পাম্পযুক্ত নলকূপের স্থাপন কাজ চলমান আছে।

৪। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় আরো জানান যে, “পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহকরণ” প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ১৫টি সোলার ইউনিট এর বরাদ্দ পাওয়া গিয়াছে। উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ থানা, উপজেলা হাসপাতাল, উপজেলা ভূমি অফিস, বসুরহাট পৌরসভাসহ গুরুত্বপূর্ণ জায়গায় সোলার ইউনিট স্থাপনের কাজ চলমান আছে।

৫। জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় ২০২০-২১ অর্থ ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ পাওয়া গেছে এবং ১। যোগিদিয়া শ্রীশ্রী জয়কালী মন্দির ২। চৌধুরির হাট বাজারে (ইউনিয়ন পরিষদ সংলগ্ন) পাবলিক টয়লেট নির্মাণের কাজ শেষ হয়েছে।

৬। পল্লী অঞ্চলে পানি সরবরাহ (VWSP) প্রকল্পের আওতায় জনসাধারণের নিরাপদ পানির সুব্যবস্থা নিশ্চিত করতে সরকারী খাস জমিতে ১০ টি বড় আকারের পুকুর খননের কাজ শেষ হয়েছে। পুকুরের পানি বিশুদ্ধকরণের জন্য ১০টি ৫০০০লিটার ক্যাপাসিটির পল্ড স্যান্ড ফিল্টার (PSF) এর বরাদ্দ পাওয়া গিয়াছে এবং নির্মাণ কাজ চলমান আছে।

যথাসময়ে কাজ সম্পন্ন করার লক্ষ্যে তদারকি অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(বেগম আরজুমান পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান  
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী

ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।


তারিখ : ১০/০২/২০২২ইং

স্মারক নং : ১৬/২

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপজেলা চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী।

২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী।

  
(উপ-সহকারী প্রকৌশলী)

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী





ও সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।

পরিশিষ্ট "ক"

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

তারিখঃ ১০/০২/২০২২ইং

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	বেগম আরজুমান পারভীন মহিলা ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সভাপতি	
২	আজম পাশা চৌধুরী ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সদস্য	
৩	মোহাম্মদ জায়দল হক চেয়ারম্যান ৫নং চরফকিরা ইউ পি	সদস্য	
৪	সিরাজিস সালেকিন রিমন চেয়ারম্যান ৬ নং রামপুর	সদস্য	
৫	মাদ্দন উদ্দিন উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব	